

আব্দুল মুত্তালিবের মানত (نذر عبد المطلب)

আল্লাহর হুকুমে যমযম কূয়া খনন ও তার
তত্ত্বাবধায়কের উচ্চ মর্যাদা লাভের পর কৃতজ্ঞতা
স্বরূপ আব্দুল মুত্তালিব আল্লাহর নামে মানত করেন
যে, যদি আল্লাহ তাঁকে দশটি পুত্রসন্তান দান করেন
এবং তারা সবাই বড় হয়ে নিজেদের রক্ষা করার
মত বয়স পায়, তাহ'লে তিনি তাদের একজনকে
আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে যবহ করবেন। অতঃপর
লটারীতে বারবার আব্দুল্লাহর নাম উঠতে থাকে।
অথচ সেই-ই ছিল তাঁর সবচেয়ে প্রিয় সন্তান। তখন
তিনি বললেন, হে আল্লাহ! সে অথবা একশ' উট।
এরপর লটারীতে পরপর তিনবার একশ' উট উঠে

আসে। তখন তিনি তা দিয়ে মানত পূর্ণ করেন।[1]

হাকীম বিন হেযাম (রাঃ) বর্ণিত যঈফ হাদীছে

এসেছে যে, এটি ছিল রাসূল (ছাঃ) জন্মের পাঁচ বছর

পূর্বের ঘটনা' (হাকেম হা/৬০৪৩, ৩/৫৪৯ পৃঃ)।

উক্ত ঘটনাটি প্রমানিত নয়। তবুও যদি সত্য হয়,

তাহ'লে এতে ইঙ্গিত রয়েছে যে, আল্লাহ আব্দুল

মুত্তালিবের মানত পরিবর্তনের মাধ্যমে আব্দুল্লাহর

ঔরসে তাঁর শেষনবীর জন্মকে নিরাপদ করেছেন।

ফালিল্লাহিল হাম্দা নিঃসন্দেহে আল্লাহর কৌশল

বুঝা বান্দার পক্ষে আদৌ সম্ভব নয়। উল্লেখ্য

যে, الذَّبِيحَيْنِ أَنَا ابْنُ 'আমি দুই যবীহ-এর সন্তান' অর্থাৎ

যবীহ ইসমাঈল ও যবীহ আব্দুল্লাহর সন্তান' বলে যে

হাদীছ প্রচলিত আছে, তার কোন ভিত্তি নেই(لَا أَصْلَ)

لَهُ)।[2]

[1]. ইবনু হিশাম ১/১৫১-৫৫; বর্ণনাটি যঈফ, তাহকীক ইবনু হিশাম ক্রমিক ১৪৮।

ড. আকরাম যিয়া ঘটনাটিকে ইবনু আববাস থেকে 'ছহীহ' বলেছেন (সীরাহ ছহীহাহ ১/৯২-৯৩)। কিন্তু সেটি প্রমাণিত হয়নি। কেননা 'আব্দুল মুত্তালিবের মানত' শিরোনামে ইবনু ইসহাক বলেন, فِيمَا يَزْعُمُونَ وَاللَّهِ أَعْلَمُ, 'যেমন তারা ধারণা করেন। আল্লাহ সর্বাধিক অবগত' (ইবনু হিশাম ১/১৫১)। এতেই বুঝা যায়, ঘটনাটি ভিত্তিহীন।

[2]. হাকেম হা/৪০৪৮, ২/৫৫৯; সিলসিলা যঈফাহ হা/৩৩১।